

# যুগান্তর

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ১১:৪১ এএম

শিক্ষাঙ্গন

## দাওরায়ে হাদিসের কেন্দ্রীয় পরীক্ষার ফল প্রকাশ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৩ এপ্রিল ২০২৫, ০৭:১৯ পিএম



কওমি মাদ্রাসাগুলোর সম্মিলিত শিক্ষাবোর্ড আল-হাইয়াতুল উলয়া লিল জামিআতিল কওমিয়া বাংলাদেশের অধীনে অনুষ্ঠিত দাওরায়ে হাদিস (মাস্টার্স সমমান) ১৪৪৬ হিজরী শিক্ষাবর্ষের পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। এতে পাসের হার ৮৫.৪৮ শতাংশ।

বৃহস্পতিবার দুপুরে আনুষ্ঠানিকভাবে পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়। বোর্ডের চেয়ারম্যান মাওলানা মাহমুদুল হাসান ফলাফল ঘোষণা করেন। এ সময় পরীক্ষা মনিটরিং সেলের সদস্যবৃন্দ, পরীক্ষা উপকমিটির সদস্য এবং নিরীক্ষকরা উপস্থিত ছিলেন।

সংস্থাটির অফিস ব্যবস্থাপক মু. অছিউর রহমান জানান, এ বছর পরীক্ষার্থী সংখ্যা ছিল মোট ৩২,৭১৪ জন, ছাত্র ১৭,৭৪৩ জন; ছাত্রী ১৪,৯৭২ জন। বিভিন্ন বিভাগে উত্তীর্ণ হয়েছে ২৭,৯৬৩ জন, অনুত্তীর্ণ ৪,৭৫১ জন এবং অনুপস্থিত ৭৩৫ জন। উত্তীর্ণদের মধ্যে ছাত্র ১৫,৯৪৮ জন এবং ছাত্রী ১২,০১৫ জন।

প্রকাশিত ফলাফলে জানা যায়, এ বছর পাসের হার ছাত্র ৮৯.৮৯%, ছাত্রী ৮০.২৫%। গড় পাসের হার ৮৫.৪৮%। মুমতায় (স্টার মার্ক) বিভাগে উত্তীর্ণ হয়েছে, ছাত্র ১২৯৫ জন এবং ছাত্রী ১১৬ জন। জায়িদ জিদ্দান (১ম বিভাগে) উত্তীর্ণ হয়েছে ছাত্র ৪৩৯৯ জন, ছাত্রী ১৬১৮ জন।

জায়িদ (২য় বিভাগে) উত্তীর্ণ হয়েছে ছাত্র ৬,৯০৭ জন, ছাত্রী ৫,৭৮০ জন এবং মকবুল (৩য় বিভাগে) উত্তীর্ণ হয়েছে ছাত্র ৩৩৪৭ জন, ছাত্রী ৪৫০১ জন। পরীক্ষা বাতিল করা হয় ১২ জনের।

পরীক্ষা প্রবিধি অনুসারে ছাত্র ও ছাত্রী মেধাক্রম পৃথক করা হয়েছে এবং ছাত্র ও ছাত্রী প্রতি ৫০০ (পাঁচশত) জনের বিপরীতে ১ জনকে মেধা তালিকায় নেয়া হয়েছে। সে হিসেবে ছাত্র ৩৫তম এবং ছাত্রী ৩০তম পর্যন্ত মেধা তালিকায় স্থান পেয়েছে।